গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাণিসম্পদ অফিস
চট্টগ্রাম।

স্মারক নং ৩৩.০১.১৫০০.০০০.০০.০০০.২১. /১৪০০ তারিখ: ০৫/০৪/২০২১ খ্রিঃ

বিষয়ঃ চলমান লকডাউন এর সময় সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন ভাবে দুধ, ডিম, মাংস এবং গবাদিপশু ও পোল্ট্রি ফিড পরিবহন, পরিবহনে যুক্ত খামারের কর্মচারী, ডেইরি খামারের সাপ্লাই চেইন ঠিক রাখার জন্য মিষ্টির দোকান গুলো শুধু টেইক এওয়ে নিশ্চিত করে খোলা রাখা প্রসঙ্গে।

দুধ করোনা মোকাবেলায় একটি আদর্শ খাদ্য তাছাড়া দুধ প্রতিদিন সাধারণত সকাল ও সন্ধ্যায় দোহন করা হয়। দুধ দোহনের পরে প্রতি বেলায় ৩-৪ ঘন্টার মধ্যেই গ্রাহকের নিকট পৌছাতে হয়। অন্যথায় দুধ নষ্ট হয়ে যায়। তাছাড়া ব্রয়লার মুরগী সাধারণত রাতের বেলায় পরিবহন করতে হয়।

ডেইরি খামারগুলোর উৎপাদিত খাটি দুধের বড় অংশের ক্রেতা মিষ্টির দোকানগুলো। উনারা দুধ থেকে ঘি, দধি, পনির ও মিষ্টি তৈয়ারি করে থাকেন। খামারীদের দুধের সাপ্লাই চেইন ঠিক রাখা ও করোনাকালীন সময়ে ভোক্তাদের স্বাস্থ্য সুরক্ষায় অত্যন্ত প্রয়োজনীয়।

এ ব্যাপারে মন্ত্রিপরিষদ বিভাগ এর ০৪/০৪/২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ স্মারক এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৪/০৪/২০২১ তারিখের ৩৩.০১.০০০০.১১৮.২৪.৫৩০.১৮.১৮১ স্মারকে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে এবং একই সাথে মাননীয় বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এবং জেলা প্রশাসক, চট্টগ্রাম এর নির্দেশনা রয়েছে এবং সার্কুলার জারীর প্রক্রিয়ায় আছেন। উল্লেখ্য এ ব্যাপারে চট্টগ্রাম ডেইরী ফার্মার্স এসোসিয়েশন এর ০৩/০৪/২০২১ খ্রিঃ তারিখের আবেদন করেছেন।

সকল দিক বিবেচনায় স্বাস্থ্যকর এবং পচনশীল দ্রব্য হওয়ায় দুধ পরিবহন অন্তত রাত ৯.০০টা পর্যন্ত চলাচল নির্বিঘ্ন রাখার এবং লকডাউন এর বিভিন্ন পর্যায়ে সরকার নির্ধারিত সময় অনুযায়ী মিষ্টির দোকানগুলো স্বাস্থ্য বিধি মেনে টেইক এওয়ে ভিত্তিতে চালু রাখার ব্যবস্থা গ্রহণের জন্য সকল সংস্থাকে অনুরোধ করছি।

ডাঃ মোহাম্মদ রেয়াজুল হক
জেলা প্রাণিসম্পদ অফিসার
চট্টগ্রাম।
অফিস ফোন: ০২৩৩৪৪৬৬১১১৫

প্রাপক
জেলা প্রশাসক
চট্টগ্রাম।

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ
০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ।
০৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। ডি আই জি অব পুলিশ, চট্টগ্রাম রেঞ্জ।
০৫। পুলিশ কমিশনার, সি এম পি, চট্টগ্রাম।
০৬। উপজেলা প্রাণিসম্পদ অফিস,------------------, চট্টগ্রাম।
০৭। চট্টগ্রাম বিভাগীয় ডেইরি ফার্মাস এসোসিয়েশন।
০৮। চট্টগ্রাম পোল্ট্রি ফার্মাস এসোসিয়েশন।

ডাঃ মোহাম্মদ রেয়াজুল হক
জেলা প্রাণিসম্পদ অফিসার
চট্টগ্রাম।
অফিস ফোন: ০২৩৩৪৪৬৬১১১৫

Scanned with CamScanner